

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
সরকারি যানবাহন অধিদপ্তর  
সচিবালয় লিংক রোড, ঢাকা।  
www.dgt.gov.bd

স্মারক নম্বর: ০৫.০৩.০০০০.০০২.১৮.৫৩৭.২০.৫৯৮

তারিখ: ৩ শ্রাবণ ১৪২৮

১৮ জুলাই ২০২১

বিষয়: জনপ্রশাসন মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন ২০২০-২১ প্রকাশের জন্য তথ্য প্রেরণ।

সূত্র:

০৫.০০.০০০০.১১১.১৬.০৩০.১৮.৩৩৫, তারিখ: ২২ জুন ২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন ২০২০-২১ প্রকাশের নিমিত্ত সরকারি যানবাহন অধিদপ্তরের তথ্য নির্ধারিত ছকে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি : সংযুক্ত প্রতিবেদন ।

১৮-৭-২০২১

মোঃ মিজানুর রহমান

পরিবহন কমিশনার

ফোন: ০২-২২৩৩৮৩৪২১

ফ্যাক্স: ০২-৯৫৬৬৬২৩

ইমেইল: pooltc@dgt.gov.bd

সিনিয়র সচিব

জনপ্রশাসন মন্ত্রণালয়

দৃষ্টি আকর্ষণঃ উপসচিব, প্রশাসন-২ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়

স্মারক নম্বর: ০৫.০৩.০০০০.০০২.১৮.৫৩৭.২০.৫৯৮/১

তারিখ: ৩ শ্রাবণ ১৪২৮

১৮ জুলাই ২০২১

অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) প্রশাসনিক কর্মকর্তা, পরিবহন শাখা, জনপ্রশাসন, ঢাকা। মন্ত্রণালয়,

১৮-৭-২০২১

মোঃ মিজানুর রহমান

পরিবহন কমিশনার

বার্ষিক প্রতিবেদন ২০২০-২০২১

১। ২০২০-২০২১ অর্থ বছরের কার্যাবলী :

- (১) সরকারি যানবাহন অধিদপ্তরের বিভিন্ন ক্যাটাগরির ৭০৯টি শূন্য পদ সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের জন্য আবেদন গ্রহণ করা হয়েছে।
- (২) একেজো ঘোষিত ৮৪ টি গাড়ি নিলামে বিক্রি করা হয়েছে এবং বিক্রিলব্ধ ১,৬১,২৬,১৬৯/- (এক কোটি একষট্টি লক্ষ ছাব্বিশ হাজার একশত ঊনসত্তর) টাকা সরকারি কোষাগারে জমা করা হয়েছে।
- (৩) একেজো ঘোষিত ০১টি জিএমভি এ্যানি লঞ্চ, ০৯টি স্পীডবোট ইঞ্জিন ও ০৪টি স্পীডবোট নিলামে বিক্রি করা হয়েছে এবং বিক্রিলব্ধ ২০,১২,৫০০/- (বিশ লক্ষ বার হাজার পাঁচশত) টাকা সরকারি কোষাগারে জমা করা হয়েছে।
- (৪) বিয়াম ফাউন্ডেশন, আঞ্চলিক কার্যালয়, বগুড়া-কে ০২টি একেজো গাড়ি বিনামূল্যে হস্তান্তর করা হয়েছে।
- (৫) সরকারি যানবাহন মেরামত কারখানায় ৯৩৯টি গাড়ির মেজর এবং ৮৮৬টি গাড়ির মাইনর মেরামত করা হয়েছে।
- (৬) সরকারি যানবাহন মেরামত কারখানার জমিতে সরকারি ও বেসরকারি ৭০০টি গাড়ির পার্কিং স্পেস, মটর মেকানিক ট্রেনিং সেন্টার ও অফিস স্পেসসহ বহুতল ভবন নির্মাণের জন্য প্রণীত নকশায় মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ সম্মতি গ্রহণের পর ডিপিপি প্রণয়নের কার্যক্রম গ্রহণ করা হয়েছে।
- (৭) সরকারি যানবাহন অধিদপ্তরের ৩২০ জন কর্মচারীকে ৫০ ঘন্টা প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।
- (৮) শুদ্ধাচার সংক্রান্ত বিষয়ে ১০০ জনকে এবং ইনোভেশন সংক্রান্ত বিষয়ে ৯০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।
- (৯) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/জেলা/উপজেলার ১৮৪ জন কর্মকর্তাকে নিয়ে সরকারি যানবাহন অধিদপ্তর কর্তৃক গত ১০/০২/২০২১ খ্রি: তারিখে “সুশাসন প্রতিষ্ঠায় বঙ্গবন্ধুর নেতৃত্ব” শীর্ষক অনলাইন সেমিনারের আয়োজন করা হয়েছে।
- (১০) সরকারি যানবাহন অধিদপ্তরের অর্গানোগ্রাম হালনাগাদকরণের প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।
- (১১) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী এবং স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষ্যে সরকারি যানবাহন অধিদপ্তরের প্রধান গেইটে ০১টি ডিজিটাল ডিসপ্লে বোর্ড স্থাপন করা হয়েছে।
- (১২) গাড়ির চাকা জীবানুমুক্ত করার লক্ষ্যে পরিবহন পুলের প্রবেশ পথে জীবানুনাশকযুক্ত জলাবদ্ধ গতিরোধক স্থাপন করা হয়েছে।
- (১৩) কোভিড-১৯ পরিস্থিতিতে সরকারি যানবাহন অধিদপ্তরে ১০টি অটোমেটিক হ্যান্ড সেনিটাইজার মেশিন স্থাপন করা হয়েছে। ডেঞ্জুর জীবানুবাহক এডিস মশার সংক্রমন রোধকল্পে নিয়মিত পুরনো গাড়ি ও গাড়ির তলদেশ এবং ডেন পরিষ্কার ও কীটনাশক স্প্রে করা হচ্ছে।
- (১৪) স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও মুজিববর্ষ উপলক্ষ্যে ঢাকা মহানগরীতে ভ্রাম্যমাণ লাইব্রেরি ও ভিডিও ডকুমেন্টারি প্রদর্শন চালু এবং সরকারি গাড়িতে লাগানোর জন্য সুবর্ণজয়ন্তীর লোগো সম্বলিত স্টিকার তৈরী করা হয়েছে।
- (১৫) ব্যবহার অযোগ্য গাড়ি সংরক্ষণের জন্য পুল ভবনের ৫ম তলায় স্টিল স্ট্রাকচার শেড নির্মাণ করা হয়েছে।
- (১৬) সরকারি যানবাহন অধিদপ্তরের পশ্চিম পার্শ্বের ৫ম তলা পরিচালক ভবন ও গ্যারেজ ভবন নতুনভাবে সংস্কার/রক্ষণাবেক্ষণ করা হয়েছে।
- (১৭) উত্তাবনী উদ্যোগ হিসেবে এ্যাপসের মাধ্যমে জেলা-উপজেলায় গাড়ির টায়ার-টিউব এবং ব্যাটারী সরবরাহ কার্যক্রম চালুকরণে ময়মনসিংহ বিভাগে পাইলটিং করা হয়েছে।
- (১৮) ই-টেন্ডারের মাধ্যমে অধিদপ্তরে বিভিন্ন ধরনের পন্য ক্রয় কার্যক্রম সম্পন্ন করা হয়েছে।
- (১৯) নির্দিষ্টস্থানে ময়লা ফেলার জন্য চাকায়ুক্ত ট্রলি বসানো হয়েছে।



২। ২০২১-২২ অর্থ বছরের কর্মপরিকল্পনা :


- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন সফল করার লক্ষ্যে পরিবহন সেবা প্রদান ;
- করোনা ভাইরাসে আক্রান্ত সরকারি কর্মচারী/রোগির চিকিৎসায় পরিবহন সেবাসহ বিভিন্ন হাসপাতালে কর্তব্যরত ডাক্তারদের আনা-নেওয়ার জন্য গাড়ি সেবা প্রদান ;
- উপজেলা নির্বাহী কর্মকর্তাদের জন্য প্রতিস্থাপক হিসাবে ২৫ টি জীপ ক্রয় ;
- জেলা ও উপজেলা প্রশাসনে ব্যবহারের জন্য ১০ টি জলযান (কেবিন ক্রুজার ও স্পীডবোট) ক্রয় ;
- বিভিন্ন মন্ত্রণালয় ও জেলা প্রশাসনের ব্যবহারের জন্য ১৫ টি মাইক্রোবাস ক্রয় ;
- Digital Service Implementation Roadmap-2021 বাস্তবায়ন ;
- সরকারের রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা অর্জনে কার্যকরি পদক্ষেপ গ্রহণ ;
- কর্মচারীদের সক্ষমতা ও দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে যুগোপযোগী প্রশিক্ষণ প্রদান ও সম-সাময়িক বিষয় নিয়ে বিশেষ লার্ণিং সেশন আয়োজন ;
- আধুনিক সুবিধাসম্পন্ন বহুতল কার পার্কিং স্পেসসহ অফিস ভবন নির্মাণ ;
- ই-ফাইলে নথি নিষ্পত্তি বৃদ্ধিকরণ ; এবং
- পর্যায়ক্রমে অধিদপ্তরের মালিকানাধীন সকল মোটরযানে ভেহিকেল ট্র্যাকার সংযোজন;
- পরিবহন পুল ভবনের নিচতলায় মেরামত কারখানা স্থানান্তরকরণ ;
- কোভিড-১৯ এর সংক্রমন নিয়ন্ত্রণে সরকারি নির্দেশনা শতভাগ বাস্তবায়ন ;

৩। SDG- এর লক্ষ্যসমূহ অর্জনে গৃহীত কর্মপরিকল্পনা (যদি থাকে) :

- পলিসি সিদ্ধান্ত গ্রহণকারী কর্মকর্তা ও মাঠ প্রশাসনের কর্মকর্তাগণের নিরাপদ, নির্ভরযোগ্য, টেকসই এবং সার্বক্ষণিক যানবাহন সেবা প্রদান ;
- নব নিয়োগের সময় আগ্রহী ও যোগ্য নারী প্রার্থীদের চাকরিতে নিয়োগ প্রদান ;
- জনবলের স্বল্পতা দূরীকরণে অধিদপ্তরের বিভিন্ন ক্যাটাগরির ৭০৯টি শূন্য পদ সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণ এবং অর্গানোগ্রাম হালনাগাদ সংশোধনের কার্যক্রম গ্রহণ ;
- প্রযুক্তি জ্ঞানসম্পন্ন জনবল তৈরির লক্ষ্যে যুগোপযোগী প্রশিক্ষণ প্রদান ;
- বিভিন্ন পলিটেকনিক্যাল ইন্সটিটিউটের শিক্ষার্থীদের আধুনিক প্রশিক্ষণ প্রদান ;
- সরকারের কেন্দ্রীয় ও মাঠ প্রশাসনে নিরবচ্ছিন্ন ও মানসম্মত পরিবহন সেবা নিশ্চিতকরণের লক্ষ্যে মোটরযান/জলযান ক্রয়/সংগ্রহ এবং সরবরাহ এবং চালক পদায়ন ;
- সরকারি যানবাহন মেরামত কারখানার গাড়ি মেরামতের সামর্থ্য বৃদ্ধির লক্ষ্যে অধিকতর আধুনিকায়ন।



- ৪। আন্তর্জাতিক সংস্থাসমূহের সঙ্গে দ্বিপাক্ষিক আলোচনা/সমঝোতা স্মারক/চুক্তি এবং বৈদেশিক সফরে অর্জিত সফলতার বিবরণ (যদি থাকে) : প্রযোজ্য নয়।
- ৫। দপ্তর/সংস্থাসমূহের উন্নয়নের ভবিষ্যৎ পরিকল্পনা ও কার্যক্রমের বিবরণ (যদি থাকে) :
- ❖ সরকারি যানবাহন মেরামত কারখানার জমিতে সরকারি ও বেসরকারি ৭০০টি গাড়ি পার্কিং স্পেস , মটর মেকানিক ট্রেনিং সেন্টার ও অফিস স্পেসসহ বহুতল ভবন নির্মাণ ;
  - ❖ বিভাগীয় পর্যায়ে জলযান মেরামতের সুবিধাসহ ওয়ার্কশপ নির্মাণ ;
  - ❖ সরকারি যানবাহন মেরামত কারখানার গাড়ী মেরামতের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে কারখানা আধুনিকায়ন ;
  - ❖ Digital Service Implementation Roadmap-2021 বাস্তবায়ন ;
  - ❖ পর্যায়ক্রমে অধিদপ্তরের শতভাগ মোটরযানে ভেহিকেল ট্র্যাকার সংযোজন ;
  - ❖ মোবাইল এ্যাপের মাধ্যমে জেলা ও উপজেলা প্রশাসনের গাড়ির জন্য টায়ার টিউব, ব্যাটারী ও অন্যান্য যন্ত্রাংশ সরবরাহকরণ।
- ৬। শৃঙ্খলাজনিত ও দুর্নীতি প্রতিরোধে গৃহীত কার্যক্রম (যদি থাকে) :
- শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণে দুর্নীতি ও শৃঙ্খলাজনিত বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে। এছাড়া যে কোন শৃঙ্খলাভঙ্গ ও দুর্নীতির ঘটনায় তাৎক্ষণিক কঠোর ব্যবস্থা নেয়া হয়। ২০২০-২১ অর্থ বছরে ১৮টি নতুন বিভাগীয় মামলা দায়ের এবং ১৫ টি মামলায় ১৫ জন কর্মচারীকে বিভিন্ন মেয়াদে শাস্তি প্রদান করা হয়েছে।
- ৭। ই-গভর্নেন্স/ইনোভেশন বিষয়ে গৃহীত কার্যক্রম (যদি থাকে) :
- ই-নথির কার্যক্রম চলমান রয়েছে। গাড়ি বরাদ্দ এবং গাড়ি মেরামতের বিষয়ে ব্যবহারকারী কর্মকর্তাকে মোবাইলে এসএমএস এর মাধ্যমে জানিয়ে দেয়া হয়। জেলা ও উপজেলায় বাজেট বরাদ্দ এবং গাড়ি ব্যবহারের না-দাবী সনদ ই-মেইলে প্রেরণ করা হয়। ৫০টি সরকারি গাড়িতে ভেহিক্যাল ট্র্যাকিং সিস্টেম সংযোজন করা হয়েছে। মোবাইল এ্যাপের মাধ্যমে জেলা ও উপজেলা প্রশাসনের গাড়ির জন্য টায়ার টিউব, ব্যাটারী ও অন্যান্য যন্ত্রাংশ সরবরাহ করা হয়।
- ৮। কর্মকর্তা/কর্মচারীদের কল্যাণে গৃহীত কার্যক্রম (যদি থাকে) : ১০টি অটোমেটিক হ্যান্ড সেনিটাইজার মেশিন স্থাপন করা হয়েছে। কর্মচারীদের স্টাফ গাড়িতে অফিসে আনা-নেয়া করা হয়। সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী নির্ধারিত মেয়াদের মধ্যে বিভিন্ন অভ্যন্তরীণ সেবা প্রদান নিশ্চিত করা হয়।
- ৯। তথ্য অধিকার আইন, ২০০৯- এর আলোকে গৃহীত কার্যক্রম (তথ্য সরবরাহের মোট আবেদনের সংখ্যা, সরবরাহকৃত তথ্যের সংখ্যা এবং তথ্য কমিশন বরাবর দায়েরকৃত আপীলের সংখ্যা ইত্যাদি) : ০১ জন তথ্য প্রাপ্তির আবেদনকারীকে চাহিদা মোতাবেক যথাসময়ে ০৩ টি তথ্য প্রদান করা হয়েছে। তথ্য কমিশনে কোন আপীল দায়ের হয়নি।
- ১০। মাঠ পর্যায়ে বাস্তবায়িত উল্লেখযোগ্য কার্যক্রম (গণপূর্ত বিভাগ/স্থানীয় সরকার বিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের অধীন বাস্তবায়িত প্রকল্প ব্যতীত) : প্রযোজ্য নয়।
- ১১। প্রতিবেদনে উল্লেখ করার মতো অন্য কোন ও বিষয় (যদি থাকে) :
- ১২। বার্ষিক প্রতিবেদনে মুদ্রণের জন্য ছবি (যদি থাকে) : ছবি সংযুক্ত।

  
২৬.০৭.২০২১

(মোঃ মিজানুর রহমান)  
পরিবহন কমিশনার (অতিরিক্ত সচিব)  
সরকারি যানবাহন অধিদপ্তর  
সচিবালয় লিংক রোড, ঢাকা।